

Ex/BNG/UG/MINOR/1.1/2025

কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি মাইনর - ১.১

বিষয় : বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১.৫×৪=৩০

১ক. বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কত খ্রিস্টাব্দে ও কার সম্পাদনায় প্রথম গ্রন্থাকারে মুদ্রিত হয়? এই কাব্যে সমকালীন সমাজ ও সংস্কৃতির প্রসঙ্গগুলি কীভাবে ধরা পড়েছে বুঝিয়ে দাও।

১+৬.৫=৭.৫

(অথবা)

১খ. কৃত্তিবাস ওঝার পরিচয় উল্লেখ করে কৃত্তিবাসী রামায়ণের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

৭.৫

২ক. বাংলা মঙ্গলকাব্যে বৈষ্ণব-প্রভাব কীভাবে পড়েছে তা উদাহরণসহ আলোচনা করো।

৭.৫

BNG-1167

[Turn Over]

(২)

(অথবা)

২খ. বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' ও কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থ দুটিকে চৈতন্যচরিত কাব্য হিসাবে কি একে অপরের পরিপূরক বলা যায়? যুক্তিসহ আলোচনা করো।

৭.৫

৩ক. শাক্তপদ রচনায় রামপ্রসাদ সেন কোন কোন কারণে গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর? যুক্তিসহ আলোচনা করো।

৭.৫

(অথবা)

৩খ. বাংলার বাউল সম্প্রদায়ের উদ্ভবের পটভূমি আলোচনা করে লালনের কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

৩+৪.৫=৭.৫

৪ক. রোমান্টিক প্রণয় কাব্যের রচয়িতা হিসাবে শাহ মুহম্মদ সগীরের কৃতিত্ব বিচার করো।

৭.৫

(অথবা)

৪খ. সৈয়দ আলাওলের কাব্যপ্রতিভা বিচার করো।

৭.৫

★ ★ ★

BNG-1167

XX24(113)—50